

## ি ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ৪২

### ি আরবি মূল আয়াত:

وَخَلَقْنَا لَهُمْ مِّنْ مِّثْلِهِ مَا يَرْكَبُونَ ﴿٤٢﴾

### A অনুবাদসমূহ:

আর তাদের জন্য তার অনুরূপ (যানবাহন) সৃষ্টি করেছি, যাতে তারা আরোহণ করে। — আল-বায়ান

আর তাদের জন্য ঐ ধরনের আরো যানবাহন তৈরি করেছি যাতে তারা আরোহণ করে থাকে। — তাইসিরুল

এবং তাদের জন্য অনুরূপ যানবাহন সৃষ্টি করেছি যাতে তারা আরোহণ করে। — মুজিবুর রহমান

And We created for them from the likes of it that which they ride. — Sahih International

৪২. এবং তাদের জন্য অনুরূপ যানবাহন সৃষ্টি করেছি যাতে তারা আরোহণ করে। (১)

(১) বাক্যের অর্থ এই যে, মানুষের আরোহণ ও বোরা বহনের জন্য কেবল নৌকাই নয়, নৌকার অনুরূপ আরও যানবাহন সৃষ্টি করেছি। আরবরা তাদের প্রথা অনুযায়ী এর অর্থ নিয়েছে উটের সওয়ারী। কারণ, বোরা বহনে উট সমস্ত জন্তুর সেরা। বড় বড় স্তপ নিয়ে দেশ-বিদেশ সফর করে। তাই আরবরা উটকে **سَفِينَةُ الْبَرِّ** অর্থাৎ স্থলের জাহাজ বলে থাকে। [দেখুন: ইবন কাসীর, ফাতভুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৪২) এবং ওদের জন্য অনুরূপ যানবাহন সৃষ্টি করেছি, যাতে ওরা আরোহণ করে। [1]

[1] অর্থাৎ, এমন যানবাহন যা নৌকার মতই মানুষ এবং বাণিজ্য-সামগ্ৰীকে এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যায়। এতে কিয়ামত পর্যন্ত যত প্রকার যানবাহন আবিষ্কৃত হবে সবই এর অন্তর্ভুক্ত। যেমন উড়োজাহাজ, (মোটর চালিত) জলজাহাজ, ট্রেন, বাস, ট্যাক্সি এবং অন্যান্য যানবাহন।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3747>

ৱ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন